মেহেরপুরে এক সার ব্যবসায়ীর ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুর শহরের বড়বাজার কাথুলী রোডের শাহজি পাড়ার মোড়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এক ব্যবসায়ী প্রতিষ্ঠানকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

বুধবার (২৮ আগষ্ট) বেলা সাড়ে ১২ টার দিকে শাহজি পাড়ার মোড়ে ফখরুল ট্রেডার্সে এ অভিযান পরিচালনা করা হয়।

সরকার নির্ধারিত মূল্য উপেক্ষা করে অধিক মূল্যে সার বিক্রয় করা ও সঠিক মূল্য তালিকা প্রদর্শণ না করার অপরাধে প্রশাসনিক ব্যবস্থা হিসাবে ফখরুল ট্রেডার্স সারের দোকানের কাছ থেকে ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

আদালত পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ। সহযোগিতায় ছিলেন মেহেরপুর জেলা স্যানিটারী ইন্সপেক্টর তাজিমুল হক ও মেহেরপুর জেলা পুলিশের একটি টিম।

এসময় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর (ক) ৪০ ধারায় অপরাধী সাব্যস্থ হাওয়ায় ফখরুল ট্রেডার্স এর স্বত্ত্বাধিকারীকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

মেহেরপুরে আ.লীগ নেতা মোমিনসহ ৫১ জনের নামে ২টি মামলা

মেহেরপুরে বিএনপি কর্মী মোঃ আশরাফুজ্জামানের বাড়িতে হামলা, লুটপাট, সন্ত্রাসি কর্মকাণ্ডের অপরাধে সদর আ’লীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলামসহ ৫১ জন আওয়ামী লীগের নেতাকর্মীর বিরুদ্ধে পৃথক ২ টি মামলা দায়ের হয়েছে।

গতকাল মঙ্গলবার (২৭ আগষ্ট) দুপুরে মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট-১ শারমিন নাহারের আদালতে মামলা ২টি দায়ের করা হয়। আদালত মামলা আমলে নিয়ে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে এফআইআর ভুক্ত করার নির্দেশ দেন।
মামলার অপর আসামীরা হলেন, স্থানীয় আওয়ামী লীগ কর্মী জেলহার হোসেন, কাওছার আলী, মিলন শেখ, ওমর আলী, মামুন শেখ, সিরাজ মিয়া, হিয়া শেখ, শফিকুল ইসলাম, ইন্তু মিয়া, রিন্টু মিয়া, মামুন কারিকর, শামিম রেজা, আবু রাসেলসহ অন্যান্যারা।

মামলার বিবরণে জানা গেছে, ২০১৩ সালের ১৯ ডিসেম্বরে স্থানীয় আওয়ামী লীগ নেতাকর্মীরা রাতের বেলায় হঠাৎ বাড়িতে আক্রমন করে। বাড়ির পিছনের দরজা দিয়ে আমি, আমার স্ত্রী সন্তান, বাবা মাকে নিয়ে এলাকা ছেড়ে চলে যায়। এসময় তারা বাড়িতে লোহার ফটকটি ভেঙ্গে ঘরের ভিতরে প্রবেশ করে আসবাব পত্র সব নিয়ে যায়। ঘরের দরজা জানালার লোহার গ্রিল ভেঙ্গে নিয়ে যায়। আলমারি ভেঙ্গে নগদ টাকাসহ মুল্যবান স্বর্নের গহনা নিয়ে যায়। তৎকালিন আওয়ামী লীগ সরকারের আমলে থানা এ ব্যাপারে কোন মামলা নেয়নি। দির্ঘদিন থেকে তারা নানা অজুহাতে হয়রানি, মামলা করে আসছে। তাদের সন্ত্রাসি কর্মকাণ্ডের জন্য নিজের বাড়িতে অবস্থান করা সম্ভব হয়নি। এমনকি বাড়ির গরু ছাগল, হাস মুরগিও ছাড় পাইনি। যাওয়ার সময় লেপ তোশক, আসবাব পত্র, পোশাক আশাকে আগুন দিয়ে পুড়িয়ে দেই।

মামলার বাদি পক্ষের আইনজীবী মারুফ আহমেদ বিজন মামলার সত্যতা নিশ্চিত করে বলেন, আদালত মামলা আমলে নিয়ে সদর থানার ওসিকে এফআইআর নথিভুক্ত করার নির্দেশ দিয়েছেন।

মেহেরপুরের ফতেপুরে মাইক্রোবাসের ধাক্কায় ভ্যানচালকের প্রাণহানি

মেহেরপুর সদর উপজেলার ফতেপুরে ইটভাটার কাছে মাইক্রোবাসের ধাক্কায় সানোয়ার হোসেন (৫০) নামের এক ভ্যান চালকের মৃত্যু

হয়েছে।

আজ মঙ্গলবার রাত ৭টার দিকে মর্মান্তিক এ দুর্ঘটনা ঘটে। নিহত সানোয়ার হোসেন মেহেরপুর শহরের শিশুবাগান পাড়ার মৃত আইনুদ্দীনের ছেলে।

স্থানীয়রা জানান, ভ্যানচালক সানোয়ার হোসেন মেহেরপুর থেকে শোলমারীর দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে ফতেপুর ইয়াসিন আলীর ভাটার কাছে পৌছালে অপরদিক থেকে আসা একটি মাইক্রোবাসের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ভ্যানচালক সানোয়ার গুরুতর আহত হয়। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করলে কর্তব্যরত চিকিৎসক ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। এর কিছুক্ষণের মধ্যে হাসপাতালেই তিনি মারা যান।

গাংনীর কাথুলী ইউপিতে প্যানেল চেয়ারম্যানের দায়িত্ব নিলেন হোসাইন মোহাম্মদ

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নিয়েছেন ৬ নং ওয়ার্ডের সদস্য হোসাইন মোহাম্মদ। আজ মঙ্গলবার সকাল ১০টায় ইউপি সদস্যদের উপস্থিতে তিনি এ দায়িত্বভার গ্রহণ করেন।

কাথুলী ইউপি চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা ছুটি নেওয়ায় এখন থেকে প্যানেল চেয়ারম্যান হিসাবে সার্বিক দায়িত্ব পালন করবেন বলে জানান হোসাইন মোহাম্মদ।

এ সময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, মেহেরপুর জেলা যুবদলের সহ-সাংগঠনিক সম্পাদক মফিজুল হক, কাথুলী ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, ৩ নং ওয়ার্ড বিএনপির সভাপতি আব্দুল লতিফ, সাধারণ সম্পাদক বাদল

হোসেন, ইউপি সদস্য বাবুল হোসেন,জিনারুল ইসলাম,আশরাফুল হোসেন,কাবের আলী ও বিভিন্ন পর্যায়ের বিএনপি নেতা কর্মীসহ সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

প্যানেল চেয়ারম্যান হোসাইন মোহাম্মদ দায়িত্ব পালন কালে সকলের সহযোগিতা কামনা করেছেন।

মুজিবনগরে আদর্শ বাবা সমাবেশ অনুষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, গুড ড্যাডি ক্যাম্পেইন (আদর্শ বাবা সমাবেশ) অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সাকাল সাড়ে ১১টার সময় উপজেলার গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের হল রুমে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল-আজাদ।

বিশেষ অতিথি ছিলেন, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ ,গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম, গুডনেইবারস মেহেরপুর সিডিপির সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ।

অনুষ্ঠানে বাবা সমাবেশের উদ্দেশ্য ও তাৎপর্য, আদর্শ বাবার দায়িত্ব ও কর্তব্য, বাল্যবিবাহ প্রতিরোধে গুডনেইবারস বাংলাদেশ এর কম’কান্ড, বাল্যবিবাহ প্রতিরোধে সরকারি পদক্ষেপ সম্পর্কে বিশদ আলোচনা করে আমন্ত্রিত অতিথি বৃন্দ।

শেষে আদর্শ বাবা সমাবেশে আমন্ত্রিত বাবারা শিশু বিবাহ না দেওয়ার নিন্মের শপথ বাক্য পাঠ ও অঙ্গীকার নামায় সাক্ষর করেন। আমি এই মর্মে উপস্থিত সকলের সামনে অঙ্গীকার করছি যে, আমাদের দেশের আইনের

প্রতি শ্রদ্ধাশীল হয়ে এবং আমার মেয়ের শারীরিক, মানসিক ও সামগ্রিক বৃদ্ধির তথা শিশু অধিকার বিষয় নিশ্চিত করতে আমি প্রতিজ্ঞাবদ্ধ। আমার মেয়ের বয়স ১৮ (আঠার) বছর পূর্ণ না হওয়া পর্যন্ত আমি তার বিয়ে দিব না তার শিক্ষা, স্বাস্থ্য ও নৈতিক উন্নয়নের জন্য প্রচেষ্টা অব্যাহত রাখব। আমি এই অঙ্গীকার রক্ষায় সচেষ্ট থাকব এবং অন্যদের দ্বারা প্ররোচিত না হয়ে আমার মেয়ের সুন্দর ও নিরাপদ ভবিষ্যত গঠনে প্রতিশ্রুতিবদ্ধ হলাম।

অনুষ্ঠানে নির্বাচিত ৩ জন আদর্শ বাবাকে সম্মাননা প্রদান করা হয়। আদর্শ বাবা সমাবেশে ৫০ জন বাবা ও তাদের মেয়েরা অংশগ্রহণ করে।

মেহেরপুরসহ ২৪ পুলিশ সুপার বদলি

মেহেরপুরের পুলিশ সুপার এস এম নাজমুল হক বিপিএম (বার), পিপিএম কে বদলি করা হয়েছে।

আজ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের এক আদেশে এ তথ্য দেওয়া হয়েছে। তাকে নৌ পুলিশের পুলিশ সুপার হিসেবে বদলি করা হয়েছে। একই সঙ্গে আরও ২৩ পুলিশ সুপারকে রদবদল করা হয়েছে বলে পরিপত্রে বলা হয়েছে।

তবে এখনও মেহেরপুরে পুলিশ সুপার হিসেবে কে দায়িত্ব পাচ্ছেন তা জানা যায়নি।

মেহেরপুরে বিনামূল্যে

কম্পিউটার প্রশিক্ষণের শুভ উদ্বোধন

রশ্নি কারিগরি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের উদ্যোগে মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজ হলরুম আইসিটি মন্ত্রণালয় কর্তৃক বিনামূল্যে কম্পিউটার প্রশিক্ষণের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার (২৬ আগস্ট) সকাল ১১ টার সময় মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজ হলরুম এ প্রশিক্ষণের শুভ উদ্বোধন করা হয়।

রশ্নি কারিগরি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের স্বত্বাধিকারী মোঃ এস এম রাসেল সভাপতিত্বে প্রশিক্ষণের উদ্বোধন করেন প্রফেসর ডঃ শরিফুল ইসলাম, সহযোগী অধ্যাপক জসীমউদ্দীন, শারমিন আক্তার, পারভিনা আক্তার প্রমুখ।

গাংনীতে বিএনপির ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

আগামী ১সেপ্টেম্বর বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৬ আগষ্ট) দুপুরে গাংনী উপজেলা বিএনপির কার্যালয়ে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র

সহ-সভাপতি, শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি শহিদুল ইসলাম নাসির, সাংগঠনিক সম্পাদক ও ধানখোলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামান, জেলা বিএনপির ১ নং যুগ্ম ও সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল আওয়াল, যুগ্ম সম্পাদক মনিরুজ্জামান গাড্ডু, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক ও রাইপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দিন কালু, জাতীয়তাবাদী মহিলা বিএনপির সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক মহিলা ভাইসচেয়ারম লাইলা আরজুমান বানু, গাংনী উপজেলা বিএনপির সহসভাপতি ও গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইনসারুল হক ইন্সু, মটমুড়া ইউনিয়ন বিএনপির সভাপতি হামিদুল হক, ষোলটাকা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা মনিরুজ্জামান মনি, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস, সদস্য সচিব জাহিদুল ইসলাম, গাংনী পৌর যুবদলের আহবায়ক ও গাংনী পৌরসভার কাউন্সিলর সাইদুল ইসলাম, সদস্য সচিব ও গাংনী পৌরসভার সাবেক কাউন্সিলর এনামুল হক, জেলা ছাত্র দলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, গাংনী উপজেলা ছাত্রদলের আহবায়ক রিপন হোসেনসহ বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ডিবির হাতে হাসানুল হক ইনু আটক

১৪ দলের অন্যতম শরিক জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) সভাপতি ও সাবেক মন্ত্রী হাসানুল হক ইনুকে আটক করেছে ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)।

আজ সোমবার (২৬ আগস্ট) রাজধানীর উত্তরার একটি বাসা থেকে তাকে আটক করা হয়। ডিবির গুলশান বিভাগের উপ কমিশনার কাজী জিয়া উদ্দিন গণমাধ্যমকে জানান, ইনুর বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে। যে কোনো একটা মামলায় গ্রেপ্তার দেখানো হবে।

সাবেক তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু আওয়ামী লীগ নেতৃত্বাধীন রাজনৈতিক জোট কেন্দ্রীয় ১৪ দলের অন্যতম গুরুত্বপূর্ণ নেতা। এর

আগে গত ২২ আগস্ট কেন্দ্রীয় ১৪ দলের আরেক গুরুত্বপূর্ণ নেতা বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেননও গ্রেপ্তার হন।

গত ৫ আগস্ট ছাত্র জনতার তীব্র গণ আন্দোলনের মুখে প্রধানমন্ত্রী পদ থেকে পদত্যাগ করে দেশ ছাড়েন আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। এর মাধ্যমে তার সাড়ে ১৫ বছরের শাসনের অবসান হয়। তিনি বর্তমানে ভারতে অবস্থান করছেন।

সরকারের পতনের পর শেখ হাসিনাসহ সাবেক মন্ত্রী–প্রতিমন্ত্রী ও আওয়ামী লীগ নেতা–কর্মীদের নামে বেশ কয়েকটি হত্যা মামলা হয়েছে।

১৪ দল নেতা রাশেদ খান মেনন ও জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) সভাপতি হাসানুল হক ইনুর নামেও হত্যা মামলা হয়েছে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালেও সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার মন্ত্রীসভা সদস্যদের নামে গণহত্যার অভিযোগ করা হয়েছে।

এসব মামলায় এরই মধ্যে গ্রেপ্তার হয়েছেন ক্ষমতাচ্যুত সরকারের বেশ কয়েকজন মন্ত্রী–প্রতিমন্ত্রী। এর মধ্যে আছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও সাবেক সমাজকল্যাণমন্ত্রী দীপু মনি, সাবেক আইনমন্ত্রী আনিসুল হক, সাবেক প্রধানমন্ত্রীর উপদেষ্টা সালমান এফ রহমান, সাবেক পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী, সাবেক ডেপুটি স্পিকার শামসুল হক টুকু এবং সাবেক প্রতিমন্ত্রী জুনাঈদ আহমেদ পলক এবং সাবেক উপমন্ত্রী আরিফ খানসহ অনেকে।

সূত্র: ইত্তেফাক

৪ হাজার আনসার সদস্যের বিরুদ্ধে মামলা

পুলিশের কাজে বাধার অভিযোগে রাজধানীর পল্টন মডেল থানায় চার হাজার ১১৪ আনসার সদস্যদের বিরুদ্ধে মামলা হয়েছে। এর মধ্যে ১১৪ জনের নাম উল্লেখ করা হয়েছে।

সোমবার (২৬ আগস্ট) পল্টন থানার উপপরিদর্শক সাজ্জাদ হোসেন ভুইয়া বাদী হয়ে মামলা করেছেন। এ মামলায় ৯৫ আনসার সদস্যকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের ঢাকার আদালতে হাজির করা হবে।

এদিকে সচিবালয়ের সামনে শিক্ষার্থীদের সঙ্গে সংঘর্ষের ঘটনায় দায়ের করা মামলায় গ্রেপ্তার ১০৯ জন আনসার সদস্যকে ঢাকার একটি আদালতে হাজির করা হয়েছে। আজ সোমবার দুপুর ১টা পর্যন্ত শাহবাগ, রমনা ও পল্টন থানায় দায়ের করা মামলায় ১০৯ জন আনসার সদস্যকে ঢাকার মুখ্য মহানগর হাকিম আদালতে হাজির করা হয়।

এর আগে গতকাল রবিবার (২৫ আগস্ট) রাতে সচিবালয়ে আনসারদের বিভিন্ন দাবি মেনে নেওয়ার পরও বাহিনীটির একটি দল সচিবালয়ে অন্তর্বর্তী সরকারের উপদেষ্টাদের আটকে রেখেছেন এবং কর্মকর্তা-কর্মচারীদের মারধর করেছেন বলে ভিডিও বার্তায় অভিযোগ করেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আব্দুল্লাহ। এ সময় তিনি শিক্ষার্থীদের সচিবালয়ের সামনে যাওয়ার আহ্বান জানান।

এ আহ্বানে সাড়া দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা মিছিল নিয়ে সচিবালয়ের দিকে যাওয়ার চেষ্টা করলেই তাদের উদ্দেশ করে ইটপাটকেল নিক্ষেপ করেন আনসার সদস্যরা। কয়েকজন শিক্ষার্থীকে মারধর করে আনসার সদস্যরা। এক পর্যায়ে উভয়পক্ষের মধ্যে ইটপাটকেল নিক্ষেপের ঘটনাও ঘটে। পরে শিক্ষার্থীরা আবারও জড়ো হয়ে আনসার সদস্যদের ধাওয়া করেন।
এ সময় শিক্ষার্থীদের লক্ষ্য করে গুলি ছোড়েন আনসাররা। গুলি, লাঠিপেটা ও ধাওয়া-পাল্টাধাওয়ায় অন্তত ৩০ জন শিক্ষার্থী আহত হন। আহতদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হয়েছে বলে জানিয়েছেন শিক্ষার্থীরা।

সূত্র: ইত্তেফাক